



LOKEPARA MAHAVIDYALAYA

Govt. Aided College Affiliated to the University of Burdwan

ESTD. - 2010

VILL. – LOKEPARA *

P.O. – KULIARA *

DIST. – BIRBHUM *

PIN - 731218


Principal / Secretary



বিজ্ঞপ্তি

লোকপাড়া মহাবিদ্যালয় এর সমস্ত ছাত্র-ছাত্রীদের পুনরায় উচ্চশিক্ষা দপ্তরের(পশ্চিমবঙ্গ সরকার) স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্পে আবেদন করার আহ্বান জানানো হচ্ছে। এই প্রকল্প ছাত্র-ছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য। বার্ষিক নূন্যতম সরল সুদে ছাত্রছাত্রীরা সর্বোচ্চ ১০ লক্ষ টাকা পর্যন্ত শিক্ষাঋণের আবেদন করতে পারবে।

<https://wbssc.wb.gov.in> পোর্টালে টুকে অনলাইন আবেদন করতে হবে। এই প্রকল্পের সুবিধা এবং আবেদনের নিয়ম সম্পর্কে বিস্তারিত তথ্য নিচে দেওয়া হল।


(ডঃ মুগাল কান্তি দাস) ১১.১০.২০২২

অধ্যক্ষ

লোকপাড়া মহাবিদ্যালয়

ডঃ মুগাল কান্তি দাস
অধ্যক্ষ
লোকপাড়া মহাবিদ্যালয়
কুলিয়াড়া, বীরভূম



মাননীয় মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়ের
উদ্যোগে

উজ্জ্বল ভবিষ্যতের জন্য শিক্ষাক্ষেত্রে চালু হয়েছে
'স্টুডেন্ট ক্রেডিট কার্ড' প্রকল্প



প্রকল্পের সুযোগ সুবিধাগুলি:

- সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত শিক্ষাঋণ, বার্ষিক ন্যূনতম সরল সুদে।
- পশ্চিমবঙ্গবাসী শিক্ষার্থী, যারা দেশের ও বিদেশের যে কোনও স্বীকৃত বিদ্যালয় / মাদ্রাসায় দশম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক পর্যন্ত পাঠরত বা কলেজ / বিশ্ববিদ্যালয় / উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক / স্নাতকোত্তর / পেশাগত / ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্স বা ডিপ্লোমা কোর্সে পড়াশোনা করছে, তারা শিক্ষাঋণ পাবে।
- প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশিক্ষণের জন্য বিভিন্ন কোচিং ইন্সটিটিউট যেখানে আইএএস, আইপিএস, ডব্লিউবিসিএস বা অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি চলে, সেখানে পড়াশোনা করলেও এই শিক্ষাঋণ পাওয়া যাবে।
- কোর্স ফি, হোস্টেল ফি-সহ অন্যান্য খরচ এই ঋণের মাধ্যমে প্রদান করা যাবে।
- আবেদনের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর।

প্রকল্পের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য:

- রাজ্য কো-অপারেটিভ ব্যাঙ্ক, ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক, রাজ্য কো-অপারেটিভ ব্যাঙ্ক অনুমোদিত অন্যান্য কো-অপারেটিভ ব্যাঙ্ক, রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক, বেসরকারি ব্যাঙ্ক এবং রিজিওনাল রুরাল ব্যাঙ্ক থেকে স্টুডেন্ট ক্রেডিট কার্ড ও ঋণ পাওয়া যাবে।
- একজন শিক্ষার্থী কোর্স চলাকালীন যে কোনও সময় এই ঋণের জন্য আবেদন করতে পারবে।
- এই ঋণ পরিশোধ করার জন্য দীর্ঘ ১৫ বছর সময় পাওয়া যাবে।



কীভাবে আবেদন করতে হবে

এই প্রকল্পে সুবিধা পেতে হলে

www.wb.gov.in বা

<https://banglaruchchashiksha.wb.gov.in>-এর

STUDENT CREDIT CARD ট্যাবে ক্লিক করতে হবে

অথবা <https://wbccc.wb.gov.in> পোর্টালে চুকে

অনলাইনে আবেদন করতে হবে।

আবেদন করার সময় কী কী নথি/ তথ্য প্রয়োজন:

- আবেদনকারীর রঙ্গিন ছবি
- সহ-আবেদনকারীর / সহ-ঋণগ্রহিতার (মা / বাবা / আইনি অভিভাবক) রঙ্গিন ছবি
- আবেদনকারীর মোবাইল ফোন নম্বর ও ইমেল আইডি
- আবেদনকারীর স্বাক্ষর
- সহ-আবেদনকারীর / সহ-ঋণগ্রহিতার (মা / বাবা / আইনি অভিভাবক) স্বাক্ষর
- আবেদনকারীর আধার কার্ড
- আবেদনকারীর প্যান কার্ড (যদি প্যান কার্ড না থাকে তাহলে নির্দিষ্ট ফর্ম্যাটে অঙ্গীকার পত্র)
- অভিভাবকের / সহ-আবেদনকারীর ঠিকানার প্রমাণপত্র ও মোবাইল ফোন নম্বর
- অভিভাবকের / সহ-ঋণগ্রহিতার প্যান কার্ড (যদি প্যান কার্ড না থাকে তাহলে নির্দিষ্ট ফর্ম্যাটে অঙ্গীকার পত্র)
- শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণপত্র / নথি
- শিক্ষা প্রতিষ্ঠানের প্রম্পকটাস / সার্টিফিকেট (প্রতিষ্ঠানের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত) যাতে ভর্তি ফি, পরীক্ষা ফি, হোস্টেল ফি ইত্যাদির উল্লেখ রয়েছে
- আবেদনকারীর বয়সের প্রমাণপত্র (প্যান / আধার / দশম শ্রেণীর বোর্ড পরীক্ষার অ্যাডমিট কার্ড / ড্রাইভিং লাইসেন্স)
- আবেদনকারীর সর্বশেষ যোগ্যতা নির্ধারক পরীক্ষার সার্টিফিকেট / মার্কশিট
- আবেদনকারীর ও সহ-ঋণগ্রহিতার ব্যাঙ্কের তথ্য: ব্যাঙ্কের নাম ও শাখা, অ্যাকাউন্ট নম্বর, আইএফএসসি ইত্যাদি সম্বলিত ঐ ব্যাঙ্কের পাস বইয়ের প্রথম পাতা
- সহ-আবেদনকারী / সহ-ঋণগ্রহিতার গত দু'বছরের আয়কর দাখিলের প্রমাণপত্র (বাধ্যতামূলক নয়)
- সহ-আবেদনকারী / সহ-ঋণগ্রহিতার সম্পত্তি এবং দায়ভার বিষয়ক প্রমাণপত্র (বাধ্যতামূলক নয়)



যে কোনও প্রয়োজনে ফোন করুন টোল ফ্রি হেল্পলাইন নম্বরে: ১৮০০১০২৮০১৪ অথবা ইমেল করুন ১) support-wbccc@bangla.gov.in ২) contactwbccc@gmail.com

উচ্চশিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার